



বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

BANGLADESH CHEMICAL INDUSTRIES CORPORATION

BCIC BHABAN, 30-31 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH
PHONE-PABX: 9562140-4, FAX: 880-2-9564120; Web: www.bcic.gov.bd



সূত্র নং-৩৬.০১.০০০০.১১৭.১৮.৩১১৩(বিটি).২০২১/২৮০

তারিখ: ০৪-০৯-২০২২ইং।

'রেজিস্টার্ড উইথ এ/ডি'(ফেরতসহ)

বিষয়:- বিভাগীয় মামলা হতে অব্যাহতি ও পদত্যাগ পত্র গ্রহণ প্রসংগে।

আপনি ডাঃ এস, এম, মামুন হাসান, চিকিৎসা কর্মকর্তা, এএফসিসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া-এ চাকরিরত অবস্থায় চাকরিগত শর্তাদি পূরণ না করেই পারিবারিক জরুরি প্রয়োজনে এবং শারীরিক কারণে চাকরি হতে গত ০৫-০৪-২০২১ খ্রি. থেকে পদত্যাগ পত্র গ্রহণ করার জন্য আবেদন করেন। পদত্যাগ পত্র দাখিলের পর কর্তৃপক্ষের কোন সিদ্ধান্ত প্রদানের পূর্বেই আপনি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। আপনার দাখিলকৃত পদত্যাগপত্র বিবেচনার নিমিত্তে সংস্থা কর্তৃক গত ৩১-০৫-২০২১খ্রি. তারিখের পত্র সূত্র নং-৩৬.০১.০০০০.১১৭.১৮.৩১১৩(বিটি).২০২১/৪৪৫ এর মাধ্যমে আপনার নিকট সংস্থার প্রাপ্য মোট ২,২৪,২৬০/-(দুই লক্ষ চব্বিশ হাজার দুইশত ষাট) টাকা সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগ অথবা এএফসিসিএল এর হিসাব বিভাগে জমাদান পূর্বক মূল রশিদ অত্র দপ্তরে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হয়েছিল। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হওয়ার পরও আপনি সংস্থার প্রাপ্য টাকা অদ্যাবধি জমা দেননি এবং এ বিষয়ে কোন প্রকার যোগাযোগ না করায় গত ১৩-০৭-২০২২খ্রি. তারিখ সূত্র নং ৩৬.০১.০০০০.১১৭.১৮.৩১১৩(বিটি).২০২১/২২৪ দ্বারা আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয়। আপনি অভিযোগনামার জবাব প্রদান করেননি। পরবর্তীতে বিভাগীয় মামলার ধারাবাহিকতায় আপনার বিরুদ্ধে বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় আপনার বিরুদ্ধে গত ১৩-০৭-২০২২ খ্রি. তারিখ চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান না করে গত ২৭-০৭-২০২২খ্রি. তারিখ আপনার নিকট সংস্থার প্রাপ্য ২,২৪,২৬০/-(দুই লক্ষ চব্বিশ হাজার দুইশত ষাট) টাকা সংস্থার প্রধান কার্যালয়ের হিসাব বিভাগে জমাদান পূর্বক রিসিটের সত্যায়িত ছায়ালিপিসহ চিফ অব পার্সোনেল বরাবর আবেদন করেন। আবেদন পত্রে আপনি নোটিশটি যথাসময়ে পাননি বিধায় যথাসময়ে টাকা প্রদান করতে পারেননি মর্মে উল্লেখ করেছেন এবং পদত্যাগ পত্র গ্রহণের জন্য অনুরোধ করেছেন।

এমতাবস্থায়, সার্বিক দিক বিবেচনায় আপনার গত ২৭-০৭-২০২২ খ্রি. তারিখের আবেদন এবং সংস্থার প্রাপ্য ২,২৪,২৬০/- (দুই লক্ষ চব্বিশ হাজার দুইশত ষাট) টাকা পরিশোধের প্রেক্ষিতে আপনাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি দেয়া হলো। আপনার পদত্যাগ গত ০৫-০৪-২০২১ খ্রি. তারিখ থেকে গৃহীত হলো।

(Signature)
০৪/৯/২২

(মোহাম্মদ সারোয়ার জাহান)
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)
চিফ অব পার্সোনেল এর পক্ষে।
ফোন নম্বর-০২২২৩৩৮১৮০৯

E-mail: admn.gm@bcic.gov.bd

প্রাপক:

ডাঃ এস, এম, মামুন হাসান
চিকিৎসা কর্মকর্তা, এএফসিসিএল
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া

বর্তমান ঠিকানা:

ডাঃ এস, এম, মামুন হাসান
পিতা: এস এম হবিবুর রহমান
বাসা নং-২০, সড়ক নং-১
সেনপাড়া
ডাকঘর: রংপুর সদর
উপজেলা: রংপুর সদর
জেলা: রংপুর।

স্থায়ী ঠিকানা:

ডাঃ এস, এম, মামুন হাসান
পিতা: এস এম হবিবুর রহমান
গ্রাম: হামছায়াপুর (কাঠালতলা)
ডাকঘর: শেরপুর
উপজেলা: শেরপুর
জেলা: বগুড়া।

অনুলিপি (জ্যেষ্ঠতা বা পদের ক্রমানুসারে নয়):

- ১। ব্যবস্থাপনা পরিচালক, এএফসিসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ২। মহাব্যবস্থাপক, আইসিটি, বিসিআইসি-(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। হিসাব নিয়ন্ত্রক, বিসিআইসি, ঢাকা।
- ৪। উপ-কর্মচারী প্রধান, প্রশাসন-১, কর্মচারী বিভাগ, বিসিআইসি, ঢাকা।
- ৫। হিসাব বিভাগীয় প্রধান, এএফসিসিএল, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
- ৬। দপ্তর নথি।
- ৭। মহা-নথি।

P/S, up lead
Pgmt.
০৪/৯/২২

পত্র নং-৩২৩২৩ তারিখ ০৪/৯/২২
আই সি টি বিভাগে প্রাপ্তির তারিখ.....
শাখায় প্রাপ্তির তারিখ.....
নিষ্পত্তির তারিখ.....